# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-06-2025** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০২৬-এর বিধানসভা নির্বাচনে রাজ্য থেকে তৃণমূল কংগ্রেসকে উৎখাত করার আহ্বান জানিয়েছেন, বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্।

নেতাজী ইন্ডোরের সভা থেকে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অনুপ্রবেশে মদত দেওয়ার অভিযোগ তুলেছেন তিনি।

২) ফৌজদারি বিচার ব্যবস্থাকে পুরোপুরি বৈজ্ঞানিক প্রমাণ নির্ভর করে তোলার ওপর কেন্দ্রীয় সরকার জোর দিচ্ছে বলে স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন।

রাজারহাটে সেন্ট্রাল ফরেন্সিক ল্যাবরেটরির নতুন ভবনের আজ উদ্বোধন করেন তিনি।

৩) সিমলা স্ট্রীটে স্বামী বিবেকানন্দের বাড়িতে সাধুসন্তদের সঙ্গে বৈঠকে সনাতনী সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

৪) মুর্শিদাবাদের ফারাক্কায় হোটেল থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধারের ঘটনায় রাজ্য পুলিশের এস টি এফ কলকাতায় নিজস্ব থানায় প্রথম মামলা রুজু করেছে।

৫) দক্ষিণ – পশ্চিম মৌসুমী বায়ু এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গে সব জেলাতেই ভারী বর্ষণ চলছে।

জলপাইগুড়ির তিস্তা নদীতে দোমোহনী থেকে মেখলিগঞ্জের বাংলাদেশ সীমান্ত পর্যন্ত অংশে জারি হলুদ সতর্কতা।

oooooooooooooooooooooooo

বিজেপির অন্যতম শীর্ষ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ২০২৬ এর বিধানসভা নির্বাচনে রাজ্য থেকে তৃণমূল কংগ্রেসকে উতখাত করার আহ্বান জানিয়েছেন। আজ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে দলের পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে ভাষণে শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেসের আমলে এসএসসি দুর্নীতি, গরুপাচার কাণ্ড, লটারি কাণ্ড, কয়লা দুর্নীতি, একশো দিনের কাজে দুর্নীতি, আবাস, রেশন, মিড ডে মিলে, পুর নিয়োগ, জিটিএ দুর্নীতি হয়েছে। বাংলার জনতার হাজার হাজার কোটি টাকা তৃণমূলের সিন্ডিকেটের কাছে পৌঁছে গিয়েছে বলেও অভিযোগ করেন তিনি। শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেস সরকার, পশ্চিমবঙ্গকে অনুপ্রবেশকারীদের জন্য সুরক্ষিত আশ্রয়স্থল করে তুলেছে। অনুপ্রবেশ রোধে সীমান্তে বেড়া দেবার জন্য জমি চাওয়া হলেও রাজ্য সরকার তা দিচ্ছে না। অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকায় তুলে তৃণমূল কংগ্রেস এরাজ্যে ক্ষমতায় টিকে থাকতে চাইছে। হিংসা ছাড়া নির্বাচন হলে মানুষ রাজ্যে তৃণমূল কংগ্রেসের জামানত বাজেয়াপ্ত করবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

(বাইট – অনুপ্রবেশ)

শ্রী শাহ অভিযোগ করেন যে, পহেলগাওতে সন্ত্রাসবাদী হামলায় নিরীহ পর্যটকদের মৃত্যুর বদলা নিতে নরেন্দ্র মোদী সরকার অপারেশন সিন্দুর করলেও, রাজ্যের মুখ্যমন্ত্রী, সিন্দুরের নামে আপত্তিজনক রাজনৈতিক মন্তব্য করছেন।

(বাইট – সিন্দুর)

রাজ্যে বিজেপি কর্মিদের উপর তৃণমূল কংগ্রেস নানাভাবে নির্যাতন চালালেও, দল ক্ষমতায় এলে এর উপযুক্ত বিচার হবে বলে অমিত শাহ আশ্বাস দিয়েছেন। কমিউনিস্টরা যেখানে শেষ করেছিল, তৃণমূল কংগ্রেস সরকার সেখান থেকেই শুরু করেছেন। সংশোধিত ওয়াকফ আইন নিয়েও তৃণমূল সরকারের সমালোচনা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী। তিনি বলেন, বেছে বেছে হিন্দু শরণার্থীদের নাম ভোটার তালিকা

থেকে বাদ দেওয়ার জন্য নোটিস দেওয়া হচ্ছে। যাঁরা নোটিস পাচ্ছেন, তাঁদের সংশোধিত নাগরিকত্ব আইনের আওতায় আবেদন করার জন্য বলেছেন শ্রী শাহ। সন্দেশখালি এবং আরজি করের ঘটনার কথা উল্লেখ করে তিনি রাজ্যের মহিলারা নিদারুন পরিস্থিতির মধ্যে রয়েছেন বলেও মন্তব্য করেন। এদিনের সভা থেকে শ্রী শাহ দলের মন্ডল সভাপতি ও বুথ স্তরের কর্মীদের এলাকার প্রতিটি মানুষের বাড়ি বাড়ি গিয়ে নিবিড় জনসংযোগ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।

এদিনের সভায় বক্তব্য রাখেন বিজেপি রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রমুখ।

অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বাসভবনে গিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। সেখানে সাধু সন্তদের সঙ্গে বিশেষ বৈঠক করেন তিনি। বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রায় শ'দুয়েক সাধু, সন্ন্যাসী এই বৈঠকে যোগ দিয়েছিলেন। বৈঠকে সনাতনী সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন শ্রী শাহ্।

কেন্দ্রীয় সরকার ফৌজদারি বিচারব্যবস্থাকে পুরোপুরি বৈজ্ঞানিক প্রমাণ নির্ভর করে তোলার উপর জোর দিচ্ছে। এর অঙ্গ হিসাবে ফরেনসিক পরিকাঠামো গুলিকে ঢেলে সাজানোর উপর জোর দেওয়া হচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। রাজারহাটে আজ সেন্ট্রাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির নতুন ভবনের উদ্বোধন করে তিনি বলেন, প্রায় ৮৮ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই অত্যাধুনিক ফরেন্সিক পরীক্ষাগার শুধুমাত্র পশ্চিমবঙ্গই নয় ঝাড়খন্ড, বিহার,ওড়িশা, সিকিম, আসামসহ সমগ্র উত্তর পূর্বের রাজ্যগুলিতে বৈজ্ঞানিক তথ্য নির্ভর ফৌজদারি বিচার ব্যবস্থা উপকৃত হবে।

( বাইট )

oooooooooooooooooooooooooo

শিলিগুড়ি থেকে আফগানিস্তানের নাগরিক দুই মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। জানা গেছে, গতরাতে ওই দু-জন মাটিগাড়ার একটি হোটেলে উঠলে হোটেল কর্তৃপক্ষ পরিচয়পত্র দেখতে চান। ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ায় তারা খবর দেন মাটিগাড়া থানায়। ধৃত সালার রেহানা এবং সালার সোনা-কে আজ শিলিগুড়ি আদালতে তোলা হয়। জানা গেছে একটি অনুষ্ঠানে যোগ দিতে তারা মাটিগাড়ায় আসে।

উত্তর ২৪ পরগনার হেমনগর কোস্টাল থানা নবদূর্গা মোড়ের কাছে চার বাংলাদেশীকে গ্রেফতার করেছে পুলিশ। পাকড়াও করা হয়েছে এক ভারতীয় সহযোগীকেও। এরা সীমান্ত পেরিয়ে বাংলাদেশে যাওয়ার চেষ্টা করছিল। ধৃতদের আজ বসিরহাট মহকুমা আদালতে তুলেছে পুলিশ।

ooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটের লড়াই শুরু গিয়েছে বলে মন্তব্য করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের রাজ্য সফর সম্পর্কে আজ অধীরবাবু বলেন, বাংলার রাজনীতিতে সাম্প্রদায়িক বিভাজনের বাতাবরণ ইতিমধ্যেই তৈরি হয়েছে।

(বাইট – অধীর)

ooooooooooooooooooooo

ভারত যেমন কোন দেশ আক্রমণ করেনি তেমনি ভারত কারোর কাছে মাথা নত করে না, বলেছেন বিশিষ্ট অভিনেতা অর্জুন চক্রবর্তী। আকাশবাণীকে তিনি বলেন, শুধু সন্ত্রাসবাদী নয় দেশের ভিতরেও অনেক শত্রু রয়েছে যারা স্বাভাবিক উন্নয়নকে প্রতিরোধ করে দেশের ক্ষতি করতে চায়।

(বাইট - অর্জুন চক্রবর্তী)

oooooooooooooooooooooo

এবারের স্পটলাইটের বিষয় অপারেশন সিঁদুর - সংসদীয় প্রতিনিধি দল। অংশ নিয়েছেন বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকার। তার সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশনের আদেশ অনুসারে কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের প্রেক্ষিতে প্রিজাইডিং অফিসারদের প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ কৃষ্ণনগরের ডনবস্কো স্কুলে ইভিএম ব্যবহারের উপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। হাতে কলমে প্রশিক্ষণ নিচ্ছেন প্রিসাইডিং অফিসাররা ।

উল্লেখ্য, আগামী ১৯-শে জুন এই আসনে ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooooo

মুর্শিদাবাদের ফারাক্কায় একটি হোটেলে অভিযান চালিয়ে আগ্নেয়াস্ত্র উদ্ধারের ঘটনায় রাজ্য পুলিশের এস টি এফ, কোলকাতায় তাদের সদর দপ্তরে নিজস্ব থানায় প্রথম মামলা রুজু করেছে। এতদিন অভিযানের পর এস টি এফ সংশ্লিষ্ট থানা গুলিতে উদ্ধারকৃত সামগ্রী জমা করতো। মামলা দায়ের করা হতো সেই সকল থানাতেই। রাজ্যে এই প্রথম এস টি এফ মামলা দায়ের করে অভিযুক্তকে নিজেদের হেফাজতে নিয়েছে। প্রসঙ্গত, গতকাল মুর্শিদাবাদের নিউ ফারাক্কা বাসষ্ট্যান্ড সংলগ্ন এক হোটেলে অভিযান চালিয়ে এস টি এফ সত্যজিত ঘোষ নামের বিহারের ভাগলপুরের বাসিন্দা এক আগ্নেয়াস্ত্র কারবারীকে গ্রেপ্তার করে। তার কাছ থেকে উদ্ধার হয়েছে চারটি সেমি অটোমেটিক পিস্তল ও চারটি ম্যাগাজিন। এরপরেই তাকে কোলকাতা নিয়ে গিয়ে মামলা

রুজু করে বিধাননগর আদালতে তোলা হয়। ধৃতকে ১৪ দিনের জন্য নিজেদের হেফাজতে নেয় এস টি এফ।

ooooooooooooooooooooooo

বোলপুরের আই সি-কে ফোনে অশ্রাব্য ভাষায় হুমকি দেওয়ার অভিযোগে তৃণমূল নেতা অনুব্রত মন্ডলকে পুলিশ তলব করলেও আজও হাজিরা দেননি অনুব্রত। বেলা ১১-টার সময় অনুব্রতকে এস ডি পি ও অফিসে হাজিরা দিতে বলা হয়। নির্ধারিত সময়ের কিছু পরে এক আইনজীবী এবং অনুব্রত ঘনিষ্ঠ এক স্থানীয় নেতা এসডিপিও অফিসে যান। অনুব্রত মন্ডল শারীরিকভাবে অসুস্থ বলে তারা পুলিশের কাছে জানিয়েছেন, এমনটাই সূত্রের খবর। গতকালও অনুব্রত মন্ডল পুলিশের তলবে হাজিরা এড়িয়ে যান।

oooooooooooooooooooooo

স্বাভাবিক সময়ের আগেই উত্তরবঙ্গে বর্ষা এসেছে। সেই সঙ্গে একটি নিম্নচাপ অক্ষরেখা সক্রিয় থাকার কারণে আজ উত্তরের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, আজ কলকাতা সহ দক্ষিণের জেলাগুলিতে ঝোড়ো হাওয়া থাকবে সেই সঙ্গে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝরি বৃষ্টি হবে।

oooooooooooooooooooo

পাহাড়ে ভারী বৃষ্টির কারণে জলপাইগুড়ি জেলার তিস্তা নদীতে দোমোহনি থেকে মেখলিগঞ্জের বাংলাদেশ সীমান্ত পর্যন্ত হলুদ সতর্কতা জারি করেছে সেচ দফতর। সমতলের পাশাপাশি সিকিম পাহাড়ে লাগাতার বৃষ্টির জেরে এমনিতেই  তিস্তার জলস্তর বাড়ছে। গজলডোবা ব্যারেজ থেকে আজ সকালে দফায় দফায় জল ছাড়ায় জলস্তর

আরও বাড়তে শুরু করেছে। নদীর পাড়ের বাসিন্দাদের সতর্ক করা হয়েছে। পরিস্থিতির উপর নজর রাখছে প্রশাসন। আজ সকাল নটায় সেচ দফতর কন্ট্রোল রুম খুলেছে।

এদিকে, মেঘভাঙা বৃষ্টিতে বড় বিপর্যয়ের মুখে পড়েছে উত্তর সিকিমের মংগন জেলা। লাচুং – লাচেন-এর মতো পর্যটনস্থলগুলিতে আটকে পড়েছেন বহু পর্যটক।

oooooooooooooooooooooo

আজ জামাইষষ্ঠী। এটি বাঙালির একটি ঐতিহ্যবাহী সংস্কৃতিক লৌকিক আচার। জ্যৈষ্ঠ মাসের শুক্ল পক্ষের ষষ্ঠী তিথিতে বাঙালিরা এই আচার পালন করেন। এই দিনে বিবাহিত মেয়ে ও জামাইকে নিমন্ত্রণ করে আপ্যায়ন করা হয়। এভাবে জামাইকে খুশি রাখার চেষ্টায় ষষ্ঠীপুজোর লৌকিক প্রথাই বাঙালির জ্যৈষ্ঠ মাসের উৎসব হয়ে উঠেছে।

নদীয়ার নবদ্বীপে ধামেশ্বর মহাপ্রভু মন্দিরে মহাপ্রভু গৌরাঙ্গকে জামাইরূপে পূজো করা হয়।

oooooooooooooooooooooo

বালক ও বালিকাদের রাজ্য বয়স ভিত্তিক ভলিবল প্রতিযোগীতা গতকাল কলকাতায় শেষ হয়েছে। মিনি বিভাগে দশহারা ক্লাব বালক, এবং সবুজ সংঘ বালিকাদের খেতাব জয় করেছে। এ ছাড়া সাব জুনিয়রে ভবন সংঘ, ও মগরা ক্লাব, জুনিয়রে ইউনাইটেড অথলেটিক্স ক্লাব ও তারকেশ্বর বটতলা ক্লাব বিজয়ী হয়েছে।

oooooooooooooooooooooo